

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৫০১ ৪/ আন্তরিক কর্মাবলী পরিচ্ছেদঃ পুণ্যের পথ অনেক

আরবী

وعَنْ أَبِيْ الْمُنذِرِ أُبِيِّ بِنِ كَعْبِ قَالَ: كَانَ رَجُلُ لَا أَعْلَمُ رَجِلاً أَبْعَدَ مِنَ الْمَسْجِدِ مِنْهُ وَكَانَ لاَ تُخْطِئُهُ صَلَاةٌ فَقيلَ لَهُ أَوْ فَقُلْتُ لَهُ: لَوِ اشْتَرَيْتَ حِمَاراً تَرْكَبُهُ في الظَلْمَاء وفي الرَّمْضَاء ؟ فَقَالَ: مَا يَسُرُّنِي أَنَّ مَنْزِلِي إِلَى جَنْبِ الْمَسْجِدِ إِنِّي أُريدُ أَنْ يُكْتَبَ لِي مَشَايَ إِلَى الْمَسْجِدِ إِنِّي أُريدُ أَنْ يُكْتَبَ لِي مَشَايَ إِلَى الْمَسْجِدِ وَرُجُوعِي إِذَا رَجَعْتُ إِلَى أَهْلِي فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ قَدْ جَمَعَ اللهُ لَكَ مَا احْتَسَبْتَ لَكَ دَلِكَ كُلَّهُ رَواه مسلم وفي رواية إِنَّ لَكَ مَا احْتَسَبْتَ

বাংলা

(৫০১) আবুল মুন্যির উবাই ইবনে কা'ব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন যে, একটি লোক ছিল। আমি জানি না যে, অন্য কারো বাড়ি তার বাড়ির চেয়ে দূরে ছিল। তা সত্ত্বেও তার কোন নামায ছুটত না। অতঃপর তাকে বলা হল অথবা আমি (কা'ব) তাকে বললাম যে, 'তুমি যদি একটি গাধা কিনে আঁধারে ও ভীষণ রোদে তার উপর সওয়ার হয়ে আসতে, (তাহলে তা তোমার পক্ষে ভাল হত?)' সে বলল, 'আমি এটা পছন্দ করি না যে, আমার বাড়ি মসজিদ সংলয়ে হোক। কারণ আমি তো এই চাই যে, (দূর থেকে) আমার পায়ে হেঁটে মসজিদ যাওয়া এবং ওখান থেকেই পুনরায় বাড়ী ফিরা, সবকিছু যেন আমার নেকীর খাতায় লেখা যায়। রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (তার কথা শুনে) বললেন, আল্লাহ তা'আলা এ সমস্ত তোমার জন্য একত্র করে দিয়েছেন।

অন্য এক বর্ণনায় আছে, নিশ্চয় তোমার জন্য সেই সওয়াবই রয়েছে, যার তুমি আশা করেছ।

ফুটনোট

(মুসলিম ১৫৪৬-১৫৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন